কালের কণ্ঠ

তারিখ 11·6 JAN 2015
পৃষ্ঠা ১৮ কলাম ৬

# জাবিতে অকৃতকার্য ৯৬ পোষ্যকে ভর্তিতে চাপ

## চার দাবিতে ছাত্রদলের ধর্মঘট

জাবি প্রতিনিধি ▷

চলতি শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অনুত্তীর্ণ ৯৬ জন পোষ্যকে ভর্তির দাবিতে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে চাপ দিচ্ছে বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের একাংশ। অকৃতকার্য ওই ৯৬ শিক্ষার্থীকে ভর্তির দাবি আজ সোমবারের মধ্যে মানা না হলে ধর্মঘটের হুমকি দিয়েছে তারা। গতকাল প্রশাসনিক ভবনের সামনে কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি পালনের সময় এ ঘোষণা দেওয়া হয়। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল বডির সদস্যদের পদত্যাগ দাবিতে আজ থেকে বৃহস্পতিবার পর্যন্ত সর্বাত্মক ধর্মঘট ও অবরোধের ঘোষণা দিয়েছে শাখা ছাত্রদল।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় ৩৫ শতাংশ নম্বর পেলেই একজন পোষ্য বিশ্ববিদ্যালয়ের যেকোনো বিভাগে ভর্তির সুযোগ পায়। এ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় ১৩৯ জন পোষ্যের মধ্যে ৩৫ শতাংশ নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছে ৪৩ জন। বাকি ৯৬ জন পোষ্য ন্যূনতম পাস নম্বর পায়নি।

এ ৯৬ জনের ভর্তির দাবি জানিয়ে কর্মকর্তা-কর্মচারী ঐক্য ফোরামের সদস্য অফিসার্স সমিতির সাধারণ সম্পাদক আবদুর রহমান সাংবাদিকদের বলেন, সোমবারের (আজ) মধ্যে দাবি মানা না হলে মঙ্গল ও বুধবার ধর্মঘট পালন করা হবে।

তবে অনুত্তীর্ণ পোষ্যদের ভর্তি না করার ব্যাপারে অনড় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি। গত ৮ তারিখে অনুষ্ঠিত কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটির সভায় অনুত্তীর্ণ কোনো পোষ্যকে ভর্তি না করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন একাধিক সদস্য। এ বিষয়ে জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক মো. আবুল হোসেন বলেন, এ শিক্ষাবর্ষে অনুত্তীর্ণ কোনো পোষ্যকে ভর্তি করানো হবে না। চলতি শিক্ষাবর্ষের ভর্তিপ্রক্রিয়া শেষে পোষ্য কোটাকে সীমিতকরণ ও প্রতিযোগিতার আওতায় আনতে একাডেমিক কাউন্সিলের সভা আহ্বান করা হবে।